অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলোর পশ্চিম পাশে 15 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ীমূল্যের আবাসন উন্নয়নের সমাপ্তি উদযাপন করেন।

.

সাবেক হাসপাতাল ভবনকে সিনিয়র আবাসন অভিযোজিত পুনর্ব্যবহার করার মাধ্যমে এলমউড অ্যাভিনিউ ঐতিহাসিক ডিস্ট্রিক্টে 44টি সাশ্রয়ী মূল্যের ও সহায়ক অ্যাপার্টমেন্ট যুক্ত করেছে

গর্ভনরের চলমান পদক্ষেপের উপর ভিত্তি করে নিউ ইয়র্ক জুড়ে আবাসন সরবরাহ সম্প্রসারণ শুরু

ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো বাফেলোর এলমউড ভিলেজ নেইবাউহুডে অবস্থিত যা ঐতিহাসিক আট একর মহিলা ও শিশু হাসপাতালের বৃহত্তর পুনর্নির্মাণের অংশ।

গভর্নর ক্যাথি হোকল আজ 62 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য একটি সাবেক হাসপাতাল ভবনকে 44টি সাশ্রয়ীমূল্যের ও সহায়ক অ্যাপার্টমেন্টে রূপান্তর করার জন্য 15.3 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রকল্পের সমাপ্তি উদযাপন করেছেন। ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো বাফেলোর এলমউড ভিলেজ নেইবাউহুডে অবস্থিত যা ঐতিহাসিক আট একর মহিলা ও শিশু হাসপাতালের বৃহত্তর পুনর্নির্মাণের অংশ।

"ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো বাফেলোর এলমউড ভিলেজ নেইবাউহুডে নতুন জীবনের প্রত্যাশায় প্রবীণদের জন্য নিরাপদ, স্থিতিশিল বাড়ি প্রদান করবে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন এই ধরনের সুযোগগুলোকে চিহ্নিত করার মাধ্যমে আবাসনের ঘাটতি মোকাবেলা করছে যা খালি জয়গা পুনর্নির্মাণ করে এবং নিউ ইয়র্ক বাসীদের প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে মানসম্পন্ন বাড়ি তৈরি করে।"

ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো একটি সাবেক হাসপাতালের ভবনের অভিযোজিত পুনর্ব্যবহারের মাধ্যমে উন্নয়ন করা হবে, যেগুলো মহিলা ও শিশু হাসপাতালের জন্য মাতৃত্বকালীন ওয়ার্ড হিসেবে কাজ করেছিল এবং 2017 বন্ধ হয়ে গিয়েছিল। হাসপাতলের সাইট ও ক্যাম্পাসের ব্যাপক পুনঃউন্নয়নের মধ্যে শেষ পর্যন্ত বাণিজ্যিক ও অন্যান্য কমিউনিটি স্পেস ছাড়াও বাজার-মূল্যের অ্যাপার্টমেন্ট এবং বিক্রয়ের জন্য কোনডোমিনিয়াম অন্তর্ভুক্ত করবে। বাফেলোর ডাউনটাউনের কাছে অবস্থিত ক্যাম্পাসটি হাঁটার দূরত্বের মধ্যে রয়েছে এবং গণ পরিবহণসহ অনেক সুযোগ সুবিধার দ্বারা অ্যাক্সেসযোগ্য।

ফলওয়েলে অবস্থিত সকল অ্যাপার্টমেন্টগুলো এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা তার কম আয়ের প্রবীণদের জন্য সাশ্রয়ী মূল্যের। স্থায়ীভাবে বসবাস করার জন্য সহায়ক পরিষেবাগুলো চাহিদার প্রেক্ষিতে প্রবীণদের জন্য সাতটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত আছে। এই বাসিন্দাগণ এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের মাধ্যমে অর্থায়িত এবং নিউ ইয়ক স্টেট স্বাস্থ্য বিভাগ কর্তৃক পরিচালিত ভাড়ার ভর্তুকি এবং পরিষেবাসমূহে অ্যাক্সেস থাকবে।

আবাসন সুযোগ-সুবিধারগুলোর মধ্যে মূল প্রবেশদ্বারের কাছে অবস্থিত রান্নঘরসহ একটি কমিউনিটি রুম, প্রশাসন ও আবাসিক সহায়তার জন্য অফিস স্পেস, একটি সাইকেল স্টোরেজ এলাকা, লন্ড্রি সুবিধা ও আবর্জনা স্টোরেজ এলাকা রয়েছে। সকল অ্যাপার্টমেন্টগুলোতে পরিদর্শনযোগ্য ও প্রতিবন্ধিদের জন্য বয়স বান্ধব নকশার বৈশিষ্ট যেমন গ্রাব বার, লো-রিচ সেলভিং ও ক্যাবিসেটস, লিভার স্টাইলের দরজার হাতল, অন্ডার-ক্যাবিনেট আলোকসজ্জা এবং জিরো ট্রানজিশন ঝরণা রয়েছে। পাশ্ববর্তী বার্টন অ্যাপার্টমেন্টগুলোর সাথে বাইরের সবুজ স্থান শেয়ার করা রয়েছে।

সাইটটির ঐতিহাসিক তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে, ভবনটির বাইরের বেশিরভাগ বাহ্যিক অংশ শান্তিপূর্ণ ছিল। নতুন উইন্ডো ছাড়াও, নিমার্ণে বিদ্যুৎ সাশ্রয়ী ও গ্রীন বিল্ডিংয়ের বৈশিষ্ট অন্তর্ভুক্ত রয়েছে যা নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথরিটি ও এন্টারপ্রাইজ গ্রীন কমিউনিটিজ 2020 স্ট্যান্ডার্ড উভয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ। টেকসই বৈশিষ্টগুলোর মধ্যে রয়েছে এনার্জি স্টার লেবেলযুক্ত সরঞ্জাম ও হালকা ফিক্সার, কম VOC পেইন্ট ও সিল্যান্টস, গ্রীন লেবেল সার্টিফাইড ফ্লোর কভারিং ও কম-প্রবাহের প্লাম্বিং ফিক্সচার।

ডেভেলপার ও সহায়ক পরিষেবা প্রদানকারী হচ্ছে পিপল ইনকর্পোরেটেড।

ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলোর অভিযোজিত পুনঃব্যবহার প্রকল্পের জন্য স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট হোমস ও কমিউনিটি রিনিউয়াল থেকে 5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল নিম্ন আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট ও 5 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি। এছাড়াও, প্রকল্পটি স্টেট ও ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন ট্যাক্স ক্রেডিটগুলোতে প্রায় 4.5 মিলিয়ন মার্কিন ডলার প্রত্যাশা করে। NYSERDA লো-রাইজ নতুন নির্মাণ কর্মসূচির মাধ্যমে 44,000 মার্কিন ডলারের সহায়তা প্রদান করেছে।

উন্নয়নের খরচের জন্য নিউ ইয়র্কের ফেডারেল হোম লোন ব্যাংক 401,000 মার্কিন ডলারের বেশি প্রদান করেছে এবং বাফেলো সিটি কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক অনুদান তহবিলে 850,000 মার্কিন ডলার প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস ও কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "15 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে এই মাতৃত্বকালীন হাসপাতালটিকে প্রবীণ নিউ ইয়র্কবাসীদের জন্য 44টি বাড়িতে পুনরায় ব্যবহার করে এই ভবনটিকে সম্পূর্ণ পূর্বের অবস্থায় ফিরিয়ে নিয়ে আসে। ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো একটি সহায়ক ও সক্রিয় পরিবেশে বাসিন্দাদের বয়স বাড়ার সাথে নিরাপদ ও মর্যাদার সাথে সঠিক স্থানে থাকার অনুমতি প্রদান

করবে। এই ঐতিহাসিক সম্পত্তিটিকে জীবনের প্রয়োজনে ফিরিয়ে নিয়ে আসার কৌশলগত পরিকল্পনায় বিনিয়োগের জন্য আমরা বাফেলো সিটি, পিপল ইনকর্পোরেটেড ও আমাদের সহযোগী এজেন্সিগুলোর কাছে কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডরিন এম. বলেন, "NYSERDA এই প্রকল্পটি সম্পূর্ণ হতে দেখে এবং বাফেলোর সবচেয়ে ঝুঁকিপূর্ণ কিছু বাসিন্দাদের সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করতে দেখে অত্যন্ত আনন্দিত যার মধ্যে এনার্জি স্টার সরঞ্জাম, হাই-পারফরম্যান্স স্পেস কন্ডিশনিং সরঞ্জাম, জানালা ও ইন্সুলেশন রয়েছে। ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলোর মতো প্রকল্পগুলো দেখাচ্ছে যে অভিযোজিত পুনঃব্যবহারের ভবনগুলো বসবাসের জন্য সুন্দর জায়গা হতে পারে, পাশাপাশি গভর্নর হোকলের 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাড়ি তৈরি করার উন্নয়নকে সহায়তা করছে।"

নিউ ইয়র্ক স্টেট বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ কমিশনার এরিক কুলেসিড বলেন, "ফলওয়েল অ্যাপার্টমেন্ট প্রকল্প দেখায় যে কিভাবে ঐতিহাসিক সংরক্ষণ বাফেলোর মতো সিটিগুলোকে আধুনিকীকরণ করতে পারে। ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট কর্মসূচি অব্যবহৃত কাঠামোতে বিনিয়োগ নিয়ে আসতে, সাশ্রয়ীমূল্যের আবাসন প্রসারিত করতে এবং স্থায়ীত্ব জোরদার করতে সহায়তা করে।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "সাশ্রয়ীমূল্যের আবাসন স্বাস্থ্যের একটি সামজিক বাধ্যতামূলক উপাদান। আমি অত্যন্ত কৃতজ্ঞ যে গভর্নর হোকলের আবাসনের প্রতি এত দৃঢ় অঙ্গিকার রয়েছে। ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলোর তহবিল সরবরাহ করা একটি বাস্তব উদাহরণ যা বাসিন্দাদের তাদের চাহিদার কমিউনিটি পরিষেবাগুলোতে অ্যাক্সেস ও গুরুত্বপূর্ণ স্থানীয় সামাজিক সংযোগগুলোর সাথে বয়সকালে নিরাপদে পৌছাঁনোর অনুমতি প্রদান করবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চালর্স শুমার বলেন, "বাফেলোর প্রত্যেকটি বাসিন্দা নিরাপদ সাশ্রয়ী মূল্যের আবাসনে অ্যাক্সেস পাওয়ার যোগ্য এবং আমি গর্বিত যে ফেডারেল নিম্ন-আয়ের আবাসন ট্যাক্স ক্রেডিট এই সাবেক হাসপাতাল ভবনটিকে বাফেলোর সবচেয়ে প্রবীণ বাসিন্দাদের জন্য কয়েক ডজন সাশ্রয়ী মূল্যের অ্যাক্সেসযোগ্য অ্যাপার্টমেন্টে রূপান্তর করার জন্য প্রয়োজনীয় মিলিয়ন মিলিয়ন ডলার প্রদান করেছে," সিনেটর শুমার বলেন। "পুরো এম্পায়ার স্টেটে সাশ্রয়ী আবাসন পাওয়া সুযোগ বৃদ্ধি করতে আমি গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রশংসা করছি এবং আমি পশ্চিম নিউ ইয়র্কের উজ্জ্বল ভবিষ্যতের ভিত্তি স্থাপন করতে ফেডারেল রিসোর্স প্রদানের জন্য লড়াই চালিয়ে যাব।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "মানসম্মত, প্রশস্ত ও সাশ্রয়ীমূল্যের আবাসন পাওয়া প্রায়শই কঠিন বিশেষ করে পশ্চিম নিউ ইয়র্ক এবং সারা দেশে প্রবীণদের জন্য," কংগ্রেসম্যান ব্রায়ান হিগিন্স বলেন। "স্টেট ও ফেডারেল তহবিলকে ধন্যবাদ আমরা বাফেলোর এলমউড ভিলেজের কেন্দ্রস্থলে এই সর্বশেষ প্রকল্পের মাধ্যমে এই চ্যালেঞ্জ মোকাবেলায় গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করছি। সাবেক শিশু হাসপাতাল সাইটটি পশ্চিম নিউ ইয়র্কের পরিবারগুলোর হৃদয়ে একটি

বিশেষ স্থান দখল করে আছে এবং পিপল ইনকর্পোরেটেডের কাজের জন্য ধন্যবাদ। ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো এই বিশেষ নেইবাউহুডে কমিউনিটি গড়ে তোলার একটি নতুন সুযোগ তৈরি করে।"

স্টেট সিনেটর শন এম. রায়ান বলেন, "বাফেলো ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য আরো সাশ্রয়ীমূল্যের আবাসনের উন্নয়নকে সহায়তা করা আপরিহার্য। যেহেতু আমরা আমাদের এলাকার আবাসন স্টক যুক্ত করার জন্য কাজ করি এই জাতীয় অভিযোজিত পুনর্ব্যবহারের প্রকল্পগুলো আমাদের আবাসন কৌশলের একটি অংশ। সাবেক মহিলা ও শিশু হাসপাতাল ক্যাম্পাসে রূপান্তর করা এলমউড ভিলেজের জন্য একটি উল্লেযোগ্য উৎসাহ হবে এবং আজ আমরা এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টার একটি মাইলফলক উপযাপন করছি।"

অ্যাসেম্বলি সদস্য জন ডি. রিভেরা বলেন, "নতুনভাবে নির্মিত ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলো বাফেলোর ঐতিহাসিক এলমউড ভিলেজের মধ্যে এমন একটি নেইবাউহুডে একটি আকর্ষণীয় সংযোজন তুলে ধরে যা সকল আকার ও বয়সের পরিবারকে সেবা প্রদান করে। গুরুত্বপূর্ণ মোড়ক পরিষেবা ও জোরালো সুযোগ-সুবিধাসহ ফলওয়েল অ্যাপার্টমেন্ট কমপ্লেক্সটি আমাদের সিটির একটি প্রবীণ জনগোষ্ঠীকে সেবা প্রদান করবে যাদের সাশ্রয়ীমূল্যের, স্বাধীন জীবন যাপনের জন্য বিভিন্ন বিকল্পের প্রয়োজন। এই জরুরি প্রয়োজনকে স্বীকৃতি দেওয়ার জন্য এবং আমাদের কমিউনিটিগুলোকে শক্তিশালী ও অ্যাক্সেসযোগ্য করে গড়ে তোলার জন্য দৃষ্টিভঙ্গি ও প্রতিশ্রুতি রাখার জন্য আমি পিপল ইনকর্পোরেটেড ও নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হাউজিং ও কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ জানাই।"

এরি কাউন্টির নির্বাহী মার্ক সি. পোলোনকারজ বলেন, "সাশ্রয়ীমূল্যের আবাসনের অ্যাক্সেস উন্নত করা কাউন্টিব্যাপী একটি অগ্রাধিকার এবং আমরা স্থানীয়ভাবে সাশ্রয়ীমূল্যের আবাসন বিকল্পগুলো সম্প্রসারণ ও বাড়ানোর জন্য একটি সহযোগিতামূলক পদ্ধতির সাথে এগিয়ে যাওয়ার সাথে সাথে আমি আমার মনোযোগ স্থির করেছি। প্রত্যেকেরই বসবাসের জন্য একটি নিরাপদ ও সাশ্রয়ীমূল্যের জায়গা থাকা উচিত। কৌশলগত পরিকল্পনার মাধ্যমেই আমার স্টেট জুড়ে মূল স্টেকহোল্ডারগণ এই জাতীয় প্রকল্পগুলোর উন্নয়নের একটি শেয়ারকৃত লক্ষ্যের দিকে একসাথে কাজ করছে। এই অবকাঠামোর রূপান্তর ও পুনর্নির্মাণের প্রচেষ্টার জন্য আমি সরকারের মধ্যে আমাদের সকল পার্টনারদের ধন্যবাদ জানাই এবং সম্পত্তির এই ঐতিহাসিক অংশের অবিরত পুনরুজ্জীবনের বিষয়ে আরো ঘোষণার অপেক্ষায় রয়েছি।"

বাফেলো সিটির মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "2006 সাল থেকে আমি সিটি জুড়ে সাশ্রয়ীমূল্যের আবাসন প্রকল্পগুলোতে কৌশলগতভাবে মিলিয়ন মিলিয়ন ডলারের প্রতিশ্রুতি দিয়েছি। এই বিনিয়োগটির উন্নয়নে হাজার হাজার নতুন আবাসন ইউনিট তৈরিতে 695 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করা হয়েছে। আমরা ফলওয়েল অ্যাপার্টমেন্টগুলোর কাজ শেষ হওয়ার সাথে সাথে সেই অগ্রগতির উপর ভিত্তি করে এগিয়ে নিয়ে যাচ্ছি। আমাদের বিশাল সিটির জন্য আমার সাশ্রয়ীমূল্যের আবাসন মিশনে অংশীদারিত্বের জন্য আমি গভর্নর ক্যাথি হোকল ও হোমস এবং কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ জানাতে চাই। পিপল ইনকর্পোরেটেডের সাথে আমার দীর্ঘ দিনের সম্পর্ক রয়েছে, একসাথে আমরা জেফারসন অ্যাপার্টমেন্ট, লিনউড লাফায়েট ম্যানর সিনিয়র অ্যাপার্টমেন্ট ও মাউন্ট অলিভ ম্যানরের মতো সাশ্রয়ীমূল্যের আবাসন

উদ্যোগগুলোতে অংশীদারিত্ব করেছি। আমাদের সহযোগিতা অব্যাহত রাখতে পেরে এবং আরো একটি সাশ্রয়ীমূল্যের আবাসন উদ্যোগের উন্নতি দেখতে পেরে আমি সম্মানিত বোধ করছি।"

কাউন্সিল সদস্য ডেভিড রিভেরা বলেন, "আরো সাশ্রয়ীমূল্যের আবাসন দেখে আমি খুবই খুশি; বিশেষ করে এলমউড ভিলেজের মতো শক্তিশালী নেইবারহুডে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন